



## ইনবক্স

### সি নিউজ এবং আমরা

দিনের পর দিন পেরিয়ে সি নিউজ-এর সঙ্গে সখ্য আজ অনেক বছরের। সি নিউজ-এর সঙ্গে সঙ্গে আমাদের দেশে প্রযুক্তি সাংবাদিকতার গুণ-মান ও পরিধি যে কতটা পাশ্চাত্যে গেছে, আগের চাইতে কতটা বিস্তৃত হয়েছে তা না বললেও চলে। চলার পথে কিভাবে সি নিউজ নিজের চেহারাকে বারবার ভেঙে নতুন করে গড়েছে তাও তো আমাদের জানা। এখন সি নিউজ দেশের সবচেয়ে আকর্ষণীয়, নতুন ধারার তথ্য প্রযুক্তি ম্যাগাজিন। সামনের দিনগুলোতেও সি নিউজ-এর কাছে এমন মনোলোভা, ধারালো, তথ্যমূলক প্রবন্ধ-নিবন্ধ আর খবরাখবর চাই। সি নিউজকে ধন্যবাদ আমাদের প্রযুক্তি তথ্যের চাহিদাকে এমনভাবে সফলভাবে মেটানোর জন্য।

জাহাঙ্গীর, পিউ, নোমান  
হাজারীবাগ, ঢাকা

### বাংলাদেশে হৃদয় হতে

আয়তনে ছোট, কিন্তু জনসংখ্যার বিচারে ষোল কোটি মানুষের এই বাংলাদেশ বিশ্বের সবচেয়ে বড় দেশগুলোর একটি। এ সত্যটাকে হেলাফেরা করার কোনো উপায় নেই। নানা উত্থান পতন সত্ত্বেও গত বিশ বছরে বাংলাদেশের জনগণের জীবনমানের দারুণ উন্নতি হয়েছে। আমাদের মাথাপিছু আয় বেড়ে দ্বিগুণেরও বেশি হয়েছে। সরকারি বেসরকারি বিভিন্ন সেक्टरের প্রবৃদ্ধি, শিল্পায়ন এ সবই বেড়েছে ঈর্ষণীয়ভাবে। এরকমই ঈর্ষণীয় অগ্রগতির আরেকটি খাত হচ্ছে আমাদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাত। ইন্টারনেট পেনিট্রেশনের দিক দিয়ে বাংলাদেশ তেমন একটা অগ্রবর্তী না হলেও কম্পিউটার ও মোবাইল ফোন ব্যবহারে অবশ্যই প্রশংসায়োগ্য অগ্রগতি সাধিত হয়েছে। সরকারগুলোর অনুকূল দৃষ্টি পেলে আমাদের কম্পিউটার তথা তথ্যপ্রযুক্তি খাত অনেক বড় কিছু করে দেখাতে পারে, এটা আমাদের বিশ্বাস। আর তাহলেই সম্ভব 'বাংলাদেশের হৃদয় হতে' অনেক বড় বড় সমৃদ্ধি ও অর্জন বের হয়ে আসা সম্ভব। আসুন আমরা সেই সুদিনের অপেক্ষায় থাকি।

মৃদুল

জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয়

### বাজেট এবং আমরা

অনেক প্রত্যাশা জাগিয়ে ডিজিটাল বাংলাদেশের ঘোষণাবাহী সরকার তাদের দ্বিতীয় বাজেট পেশ করল সংসদে। খুব একটা নড়চড় ছাড়া এ বাজেটই পাস হয়ে যাবে সন্দেহ নেই। চারদলীয় জোট সরকারের আমলে তৎকালীন অর্থমন্ত্রী সাইফুর রহমান মোবাইল ফোনের সিম-এর ওপর বড় অঙ্কের ট্যাক্স আরোপ করায় অনেক কথাবার্তা হয়েছিল। এরপর তত্ত্বাবধায়ক সরকারের দু'বছর এবং মহাজোট সরকারেরও প্রায় দু'বছর অতিক্রান্ত হতে চলল। সিম কার্ডের সেই ট্যাক্স এখনও বহাল আছে। এ নিয়ে মোবাইল ফোন অপারেটরগুলো প্রচুর দেন দরবার করেছে বলে শুনেছি, কিন্তু কাজের কাজ কিছু হয়নি। এ ট্যাক্স বহাল থাকলে আমাদের দেশে মোবাইল ফোনের পেনিট্রেশন আর বাড়বে না এমন কথা শুনি। তবে এ মুহূর্তে বাংলাদেশে মোবাইল ফোন প্রচলনের যে হার সেটি যথেষ্টই বেশি। আরো বেশি পেনিট্রেশন বাড়লে মোবাইল ফোন কোম্পানির আর্থিক মুনাফার পাশাপাশি দেশ ও জাতির ঠিক কি উপকার হবে সেটা অবশ্য আমাদের আম জনতার মাথায় আসছে না। সরকার এ খাত থেকে বেশ বড় অঙ্কের একটা ট্যাক্স পাচ্ছে কাজেই সহসা এতবড় একটি আয়ের উৎস সরকার বন্ধ করতে চাইবে বলে মনে হয় না। যাই হোক, এছাড়া ডিজিটাল সরকারের এ বাজেটে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে আর বড় কোনো অগ্রগতি হয়েছে বলে মনে হয় না। এ খাতে সুনির্দিষ্ট খাতওয়ারী পরিকল্পনাসহ বাজেট বরাদ্দ আরো অনেক বাড়ানো উচিত, কারণ তথ্যপ্রযুক্তি অচিরেই দেশের সবচেয়ে বড় খাতগুলোর একটি হিসেবে আত্মপ্রকাশ করবে তাতে সন্দেহ নেই। এ ব্যাপারে সামনের দিনগুলোতে সরকারের আরো বেশি সুদৃষ্টি আশা করছি।

আলী আহমেদ  
বনানী, ঢাকা

## Advertisers' INDEX

Exclusive Cover

Samsung LCD Monitors

Smart Technologies Front Inside

Smart Technologies Back Cover  
Samsung Printers

IBS

Back Inside

Smart Technologies (BD) Ltd.	1
Alpha Technologies Ltd.	2
Computer Village	3
Global Brand Pvt. Ltd.	4
Computer Source Ltd.	5
Oriental Services AV	6
Oriental Services AV	7
UCC	8
UCC	9
World Net	10
Bismillah Computers	11
Spy Security System	12
IBCS Primax	26
Binary Logic (Microsoft)	29
Source Edge Ltd.	30
Source Edge Ltd.	31
ComValley Ltd. (Intel)	32
Comvalley Ltd. (Poster)	
Belkin	51
ComValley Ltd.	52
ComValley Ltd.	53
StarHost	54
IT Bangla	55
Global Web Outsourcing	71
OneStop Service & Solution	78
WIT Computer	91
Tech Domain	95
Binary Logic (Intel)	96
Binary Logic (Intel)	97
Butterfly Marketing Ltd.	98
UBS	99
UBS	100
UBS	101
Excel Technology	102